

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date : 21.02.2025

Desk in Charge : SDG/ S.MANDAL

Time : 7-50 PM

Compiling & NR: DSS

DEO : K.B.

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর -

- ১/ রাজ্য সরকার, একশ দিনের কাজের বিকল্প 'কর্মশ্রী প্রকল্পে', চলতি আর্থিক বছরে বৈধ জবকার্ডধারীদের গড়ে ৫৭ দিন করে কাজ দিয়েছে।
- ২/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে।
- ৩/ হাওড়ার আমতায় এক ওষুধ সরবরাহকারী সংস্থার গুদাম থেকে ১৭ লক্ষ টাকার জাল ওষুধ বাজেয়াপ্ত। # গ্রেপ্তার সংস্থার মালিক।
- # এই নিয়ে সমালোচনায় সরব বিরোধীরা।
- ৪/ উত্তর দিনাজপুরে সংখ্যালঘু দপ্তরের কয়েক কোটি টাকা তহরুপের অভিযোগে CID, আরো দুজনকে গ্রেপ্তার করেছে।
- ৫/ এগারো বছর আগে চুরির অভিযোগে এক মাছ ব্যবসায়ীকে গণপ্রহার ও খুনের দায়ে দোষী সাব্যস্ত হলেন পানিহাটি পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের বর্তমান কাউন্সিলার তারক গুহ।
- ৬/ জোড়া ঘূর্ণাবর্ত ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আগামী রবিবার ২৩-শে ফেব্রুয়ারী পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস।

রাজ্য সরকার, একশ দিনের কাজের বিকল্প ‘কর্মশ্রী প্রকল্পে’, চলতি আর্থিক বছরে বৈধ জব কার্ডধারীদের গড়ে ৫৭ দিন করে কাজ দিয়েছে। চলতি বছর ৭৫ লক্ষ মানুষকে এই প্রকল্পে কাজ দেওয়ার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে। চলতি আর্থিক বছরের শেষ একমাসে তা পূরণ করা যাবে বলে আশা করা হচ্ছে। এই প্রকল্পের সম্পূর্ণ খরচই বহন করছে রাজ্য সরকার।

কর্মশ্রী প্রকল্পে জবকার্ডধারী শ্রমিকদের বাংলার বাড়ি তৈরির কাজে ব্যবহার করা হবে বলেও সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ওই প্রকল্পে প্রায় ১২ লক্ষ বাড়ি তৈরির প্রথম কিস্তির টাকা বন্টনের কাজ ইতিমধ্যেই সম্পন্ন। ঐ বাড়ি তৈরির কাজে কর্মশ্রী প্রকল্পে নথিভুক্ত শ্রমিকদের কাজে লাগাতে পঞ্চায়েত দফতর নির্দেশ দিয়েছে। বাড়ি পিছু একজন জবকার্ড হোল্ডারকে শ্রমিক হিসেবে ব্যবহার করা হবে। এর ফলে প্রকল্পের আওতাধীন প্রায় দেড় লক্ষ শ্রমিককে ‘বাংলার বাড়ি’ তৈরি প্রকল্পের কাজ দিতে চলেছে রাজ্য সরকার। প্রশাসনিক সূত্রে জানা গেছে, রাজ্যের সমস্ত দফতর কাজ দিলেও, কর্মশ্রী দিবসে সব থেকে বেশি কর্মদিবস সৃষ্টি হয়েছে পঞ্চায়েত, জনস্বাস্থ্য কারিগরি ও বিদ্যালয় শিক্ষা দফতরে।

উল্লেখ্য, রাজ্যে ১০০ দিনের কাজ বন্ধ থাকায় ওই প্রকল্পে কাজহারাদের বিকল্প কর্মসংস্থানের সুযোগ দিতে রাজ্য সরকার চলতি আর্থিক বছরের বাজেটে ৫০ দিনের কাজের প্রকল্প কর্মশ্রী ঘোষণা করে। এর আগে পথশ্রী প্রকল্পে রাস্তা নির্মাণের ক্ষেত্রেও এই জবকার্ড হোল্ডারদের কাজে লাগানো হয়েছিল।

রাজ্যের বিভিন্ন সমবায় ব্যাংকে দীর্ঘদিন লেনদেনের অভাবে বন্ধ হয়ে যাওয়া একাউন্টগুলিতে প্রায় ৫৮৩ কোটি টাকা সঞ্চিত রয়েছে বলে সমবায় দপ্তর সূত্রে জানা গিয়েছে। এরমধ্যে কৃষি সমবায় সমিতির বিভিন্ন আকাউন্টেই প্রায় সাড়ে চারশো কোটি টাকা রয়েছে। এগুলিতে নতুন করে KYC চাওয়া হয়েছে। নিয়ম অনুযায়ী বন্ধ হয়ে যাওয়া এইসব একাউন্টে জমা টাকা রিজার্ভ ব্যাঙ্কের নিরদিষ্ট একাউন্টে পাঠিয়ে দেওয়ার কথা থাকলেও এই পদক্ষেপ গ্রহণের আগে রাজ্য সরকার আরও একবার একাউন্টগুলি যাচাই করে নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

উল্লেখ্য, গত দোসরা জানুয়ারি নবান্নে রাজ্যস্তরের এক প্রশাসনিক বৈঠকে রাজ্যের বিভিন্ন সমবায় ব্যাংকে কালো টাকা সঞ্চিত রয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানানোর পরেই রাজ্যের বিভিন্ন সমবায় ব্যাংকের কাছে রিপোর্ট তলব করে সমবায় নির্দেশালয়।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হচ্ছে। এই উপলক্ষ্যে রাজ্য সরকারের উদ্যোগে মূল অনুষ্ঠানটি হয় দক্ষিণ কলকাতার দেশপ্রিয় পার্কে। সদ্য প্রয়াত শিল্পী প্রতুল মুখোপাধ্যায়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠানে অংশ নেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, তথ্য সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন, চিত্র পরিচালক গৌতম ঘোষ, কবি জয় গোস্বামী, শ্রীজাত সহ সংস্কৃতি জগতের বহু বিশিষ্ট ব্যক্তি। রাজ্য সচিবালয় নবান্নে ভাষা আন্দোলনের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল - অভিজিত)

বিভিন্ন জেলা থেকেও দিনটি পালনের খবর এসেছে।

তবে, বাংলাদেশে সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে প্রতি বছরের চেনা ছবি এবার ধরা পড়েনি পেট্রাপোল সীমান্তে। অন্যদিকে, বাংলাদেশের বেনাপোলে আলাদাভাবে পালিত হয় ভাষা দিবস। ‘নো ম্যান্স ল্যান্ডে’ দুদেশের যৌথ উদ্যোগে কোনো অনুষ্ঠান হয়নি। পেট্রাপোলের ছয়ঘরিয়া গ্রামে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বনগাঁর চারটি স্কুলের ছাত্র-ছাত্রীদের পাশাপাশি পদযাত্রায় সামিল হন অভিভাবক, শিক্ষক-শিক্ষিকারা।

রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুর সহ বিশিষ্ট ব্যক্তির অস্থায়ী শহীদ বেদীতে মাল্যদান করে শ্রদ্ধা জানান। মমতাবাল ঠাকুর বলেন-

(বাইট- মমতাবাল)

ভাষা আন্দোলনে শহীদ আবুল বরকতের জন্মভিটে মুর্শিদাবাদের সালারের বাবলা গ্রামে যথাযোগ্য মর্যাদায় দিনটি পালন করা হয়। শহীদ তর্পণে গতকাল মধ্যরাতেই পতাকা উত্তোলন ও মশাল মিছিলের আয়োজন করা হয়েছিল। বিকেলে এই উপলক্ষ্যে এক

আলোচনা সভায় অংশ নেন বিদগদ্ধ জনেরা। তিনদিন চলবে ভাষা দিবসের অনুষ্ঠান।
জেলার ডোমকল ও জঙ্গীপুরে আজ শুরু হয়েছে বইমেলা।

পশ্চিম মেদিনীপুরের খড়গপুর IIT-তে এই উপলক্ষ্যে উচ্চ শিক্ষায় মাতৃভাষার গুরুত্ব সম্পর্কে এক আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়পুরের কুশাভাউ ঠাকরে জনসংযোগ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক বলদেও ভাই শর্মা।

জলপাইগুড়ির প্রসন্ন দেব মহিলা মহাবিদ্যালয়ে আন্তর্জাতিক বাংলা ভাষা সংস্কৃতি সমিতির এক অনুষ্ঠানে অংশ নেন অধ্যাপক, শিক্ষক ও ছাত্র ছাত্রীরা। সরকারি কাজে বাংলা ভাষা চালু করার দাবী তোলেন তাঁরা।

নদীয়ার কৃষ্ণনগরেও আজ এই উপলক্ষ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বাঁকুড়া জেলায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই উপলক্ষ্যে জেলা শাসক কার্যালয়ের মাইনরিটি ভবনে একটি অনুষ্ঠান হয়। সেখানে বাংলা ভাষা নিয়ে আলোচনা সহ নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয় দিনটি।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩-শে ফেব্রুয়ারি আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১১৯তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

হাওড়ার আমতায় এক ওষুধ সরবরাহকারী সংস্থার গুদাম থেকে ১৭ লক্ষ টাকার জাল ওষুধ বাজেয়াপ্ত করা হয়েছে। রাজ্যের ড্রাগ কন্ট্রোল বোর্ড গোপন খবরের ভিত্তিতে গতরাতে তল্লাশি চালিয়ে গুদামে তল্লাশি চালিয়ে এই জাল ওষুধের হদিশ পায়। নামী ওষুধ কোম্পানির QR কোড জাল করে এই ব্যবসা চালানো হতো। সংস্থার মালিক বাবলু মান্নাকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে আজ উলুবেড়িয়া আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

এদিকে, রাজ্য আবারো জাল ওষুধের সন্ধান মেলায়, সমালোচনায় সরব হয়েছেন বিরোধীরা। এই জাল ওষুধের কারবারের সঙ্গে পুলিশ, সরকার ও শাসক দল জড়িত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবী করেছেন। প্রয়াগরাজে কুম্ভস্নান সেরে আজ সন্ধ্যায় বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে তিনি বলেন-

(বাইট- শুভেন্দু)

প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, রাজ্যের শাসক দলের मदतेই এই জাল ওষুধের রমরমা।

(বাইট- অধীর)

উত্তর দিনাজপুরে সংখ্যালঘু দপ্তরের কয়েক কোটি টাকা তহরুরপের অভিযোগে CID, দুজনকে গ্রেপ্তার করেছে। এই নিয়ে এই ঘটনায় মোট সাত জনকে ধরা হল।

ধৃত পঞ্চু বসাক ও অশোক বসাকের বাড়ি করণদীঘি থানার মেহেন্দাবাড়িতে। পেশায় গৃহ শিক্ষকতার পাশাপাশি এরা এলাকায় প্রভাবশালী ব্যবসায়ী হিসেবেও পরিচিত।

গোপন খবরের ভিত্তিতে মোবাইল ফোন ট্র্যাক করে গতকাল এদের ধরা হয়। ধৃতদের আজ রায়গঞ্জ জেলা আদালতে তোলা হলে বিচারক ৫দিনের CID হেফাজতের নির্দেশ দেন।

উল্লেখ্য, পঞ্চু বসাককে এর আগে CID ২০২২-এও আরো একবার গ্রেপ্তার করেছিল। তখন তার বাড়ি থেকে উদ্ধার হয় ৬১০টি বিভিন্ন ব্যাঙ্কের ATM কার্ড।

এগারো বছর আগে চুরির অভিযোগে এক মাছ ব্যবসায়ীকে গণপ্রহার ও খুনের দায়ে দোষী সাব্যস্ত হলেন পানিহাটি পুরসভার ১১ নম্বর ওয়ার্ডের বর্তমান কাউন্সিলার তারক গুহ। ব্যারাকপুর মহকুমা আদালতে আজ তাকে ও আরো চারজনকে দোষী সাব্যস্ত করা হয়। এরপর তাদের গ্রেপ্তার করা হয়।

উল্লেখ্য, ২০১৪ সালের মহালয়ার দিন মাছ ব্যবসায়ী শম্ভু চক্রবর্তীকে চোর সন্দেহে মারধোর করেন তারক গুহ, আরেক তৃণমূল কংগ্রেস কর্মী নেপাল গুহ সহ কয়েকজন। তারপরেই শম্ভুর মৃত্যু হয়।

বীরভূমের মহম্মদ বাজারে ঘর থেকে একটি আদিবাসী পরিবারের তিন সদস্যের রক্তাক্ত দেহ উদ্ধারের ঘটনায় পুলিশ তদন্ত করছে। এখনো কাউকে গ্রেপ্তার করা যায়নি। মৃতদেহগুলি পাঠানো হয়েছে ময়নাতদন্তের জন্য।

জোড়া ঘূর্ণাবর্ত ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় আগামী রবিবার ২৩-শে ফেব্রুয়ারী পর্যন্ত বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। পশ্চিম ও দক্ষিণের জেলাগুলিতেও ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। সেইসঙ্গে ঝড়ো হাওয়াও বয়ে যেতে পারে।

অসময়ের এই বৃষ্টিতে গরমের হাত থেকে কিছুটা স্বস্তি মিলেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ২৭ দশমিক দুই ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা ৩ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস নীচে।
